

**উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র**  
**(Overview of the Performance of the Upazilla Office)**

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্বাধীনতা পূর্ববর্তী এবং পরবর্তী সময়ে বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থানের তুলনামূলক পরিসংখ্যান বিষয়ক প্রকাশনা "বঙ্গবন্ধু ও জাতীয় পরিসংখ্যান সংস্থা" প্রকাশিত হয়েছে। গত তিন বছরে পরিসংখ্যান বর্ষগ্ৰন্থ, কৃষি পরিসংখ্যান বর্ষগ্ৰন্থ, পরিসংখ্যান পকেটবুক, বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান, ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিস্টিকস ও মাসিক পরিসংখ্যান বুলেটিন নিয়মিত প্রকাশিত হয়েছে। কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৯ এর চূড়ান্ত প্রতিবেদন প্রকাশিত হয়েছে। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর মূল শুমারি অনুষ্ঠিত ও চূড়ান্ত প্রতিবেদন প্রকাশিত হয়েছে। স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) এর সর্বশেষ ২০২৩ এর রিপোর্ট প্রকাশিত এছাড়াও বিবিএস প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩, ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক ICT ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ জরিপ ২০২৩, GDP of Bangladesh 2022-23, খানার আয় ব্যয় জরিপ (HIES) ২০২২, জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১, পথশিশু জরিপ ২০২২ সহ আরও অনেক জরিপের রিপোর্ট প্রকাশিত হয়েছে। দেশে ৪র্থ বারের মত ২৭ ফেব্রুয়ারি ২০২৪ জাতীয় পরিসংখ্যান দিবস পালিত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা শক্তিশালীকরণের লক্ষ্যে শূন্য পদে জনবল নিয়োগ বিবিএস এর একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে নিজস্ব অফিস ভবন, জনবলের প্রশিক্ষণ, মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার ও তথ্য প্রক্রিয়াকরণের ব্যবস্থা, পরিসংখ্যান প্রস্তুতকরণে তথ্য-উপাত্ত সংক্রান্ত সংজ্ঞা, ধারণা ও পদ্ধতির প্রমিতকরণ ও সামঞ্জস্য বিধান, তথ্য সংগ্রহে প্রতিবন্ধকতা ছাড়াও বিভিন্ন দপ্তর/সংস্থা হতে তথ্য-উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে সকল অন্তরায় দূরীকরণ বিবিএস এর অন্যতম চ্যালেঞ্জ। পরিসংখ্যানিক তথ্য ও উপাত্ত প্রদানে উত্তরদাতার অনাগ্রহ সঠিক পরিসংখ্যান প্রস্তুতের ক্ষেত্রে অন্তরায় হিসেবে কাজ করে। বিবিএস এর লক্ষ্যমাত্রা অর্জনে গৃহিত কার্যক্রমসমূহের বাজেট স্বল্পতা এবং বাজেট সময়মত না পাওয়া কাজের গতিকে শ্লথ করে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

শূন্য পদে জনবল নিয়োগ এবং দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা, মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার ও তথ্য প্রক্রিয়াকরণের ব্যবস্থা করা, প্রযুক্তিগত ও পেশাগত নেটওয়ার্ক শক্তিশালীকরণ, পরিসংখ্যান প্রস্তুতকরণে তথ্য-উপাত্ত সংক্রান্ত সংজ্ঞা, ধারণা ও পদ্ধতির প্রমিতকরণ ও সামঞ্জস্য বিধানে পরিসংখ্যান আইন ২০১৩ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা। পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প ২০২১ ও ২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) এর অগ্রগতি মূল্যায়ন ও পরিবীক্ষণ, নির্ধারিত সময়ের মধ্যে আধুনিক তথ্যপ্রযুক্তি প্রয়োগপূর্বক তথ্যের গুণগত মান নিশ্চিতকরণ। ২০২৩ সাল নাগাদ জাতীয় জনসংখ্যা রেজিস্টার (NPR) প্রস্তুতের কাজ আরম্ভকরণ এবং ২০২৫ সালের মধ্যে এটিকে সংরক্ষণ ও হালনাগাদকরণ; যা অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া, ২০২৫ সালের মধ্যে BISR প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাদের দক্ষতা ও যোগ্যতা বহুগুণে বৃদ্ধিকরণ এবং সরকারি পরিসংখ্যান আন্তর্জাতিক মানে উন্নীতকরণ।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- □□ অর্থনৈতিক শুমারি ২০২৩ এর ম্যাপিং, লিস্টিং ও মূল তথ্য সংগ্রহ কার্যক্রম এবং প্রাথমিক প্রতিবেদন প্রকাশে সহায়তাকরণ;
- □ ০৬টি প্রধান ফসল (আমন, আউশ, বোরো, পাট, গম, আলু) ও ১৬০টি অপ্রধান ফসলের (আম, কীঠাল, কলা ইত্যাদি) একর প্রতি উৎপাদন ও উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ উপজেলাওয়ারী সমন্বয় করে নির্ধারিত সময়ে জেলা কার্যালয়ে প্রেরণ;
- □ বন জরিপ, মৎস্য উৎপাদন সংক্রান্ত জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগির হিসাব প্রাক্কলন এবং ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যানসহ দাগগুচ্ছ জরিপ প্রতিবেদন উপজেলাওয়ারী সমন্বয় করে নির্ধারিত সময়ে জেলা কার্যালয়ে প্রেরণ;
- □ এসভিআরএসএর ২০২৪-২৫ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ;
- □ মাঠ পর্যায়ে কর্মরত জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কার্যালয় ব্যবস্থাপনা ও প্রশাসনিক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান।